দৈনিক
ইনকিলাব


তারিখ 10 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

# অবশেষে সেই বন্দুকটি উদ্ধার

## ৪ দিনের রিমান্ডে জাবি ছাত্রলীগ ক্যাডার সুমন

সেলিম আহমেদ ও পলাশ মাহমুদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপের বন্দুকযুদ্ধের সময় প্রকাশ্যে একনলা বন্দুক নিয়ে প্রতিপক্ষ গ্রুপের ওপর গুলীবর্ষণের নায়ক গ্রেফতারকৃত ছাত্রলীগ ক্যাডার সিরাজুল ইসলাম সুমনকে গতকাল (বুধবার) রাতে ব্যাপক জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। অন্যদিকে পুলিশ সেই আলোচিত একনলা (এসবিবিএল) বন্দুকটিও রাতে জাবি ক্যাম্পাস থেকে পৃঃ ২ কঃ ৬



আটক সুমন



শটগানটি উদ্ধাররত পুলিশ

# অবশেষে সেই বন্দুকটি উদ্ধার

প্রথম পৃষ্ঠার পর

উদ্ধার করেছে। ঢাকা জেলা সহকারী পুলিশ সুপার (সাভার সার্কেল) জাহাঙ্গীর আলম ইনকিলাবকে জানান, ৭ দিনের রিমান্ড চেয়ে সুমনকে আদালতে পাঠানো হলে বিজ্ঞ আদালত ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল (বুধবার) সন্ধ্যা ৭টার দিকে জাবি'র রসায়ন বিভাগের সামনে রাস্তার পাশে পানি নিষ্কাষনের ড্রেনের পাইপের ভিতর থেকে সেই আলোচিত একনলা (এসবিবিএল) বন্দুকটি উদ্ধার করা হয়।

ঢাকা জেলা পুলিশ সুপার আনসার উদ্দিন খান পাঠানের নেতৃত্বে সুমনকে ধরতে প্রথমে সোর্স নিয়োগ করা হয়েছিল। বিশ্ববিদ্যালয়ের আবাসিক এলাকা থেকে অনুসরণের পর রিকশাযোগে সুপারীতলায় পৌঁছামাত্র গ্রেফতার করা হয় তাকে। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার নজমুল হক, সহকারী পুলিশ সুপার (সাভার সার্কেল) জাহাঙ্গীর আলম, আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন। গ্রেফতারের পর রাতেই জিজ্ঞাসাবাদে সুমন পুলিশের কাছে অস্ত্র হাতে মহড়া চালানোর কথা স্বীকার করে জানায়, ছাত্রদলের নেতা-কর্মীরা তার হাত-পা ভেঙ্গে দেবার পর থেকেই সে ক্যাডার ভিত্তিক রাজনীতির সাথে জড়িয়ে পড়ে। প্রত্নতত্ত্ব বিভাগের ৩৫তম ব্যাচের তৃতীয় বর্ষের ছাত্র সিরাজুল ইসলাম সুমনের নামে আল-বিরুনী হলের ২১৬ নম্বর কক্ষ বরাদ্দ থাকলেও সে থাকতো বিশ্ববিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর কর্মচারীদের কোয়ার্টারে। তার বাবা লতিফুল্লাহ প্রক্টোর অফিসের কর্মচারী। পাঁচ ভাই-বোনের মধ্যে সুমন তৃতীয়।

আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ইনকিলাবকে জানান, জিজ্ঞাসাবাদে সুমন বেশকিছু গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে। সেই তথ্যের ভিত্তিতেই চলছে তদন্ত কাজ। সুমনকে গ্রেফতারের পর তার হাতে থাকা অস্ত্রটি উদ্ধারে পুলিশের একাধিক টিম মাঠে নামে। অবশেষে সেই আলোচিত অস্ত্রটি গতকাল (বুধবার) সন্ধ্যায় জাবি'র রসায়ন বিভাগের সামনে পানি নিষ্কাসনের ড্রেনের পাইপের ভিতর থেকে উদ্ধার করা হয়। উদ্ধারকৃত অস্ত্রটির উৎস সম্পর্কেও অনুসন্ধান করছে বিভিন্ন গোয়েন্দা সংস্থার সদস্যরা। এদিকে আশুলিয়া থানায় দায়ের করা একটি মামলার আসামী হিসেবে গতকাল (বুধবার) দুপুরে সুমনকে ৭ দিনের রিমান্ড চেয়ে আদালতে পাঠানো হলে আদালত ৪ দিনের রিমান্ড মঞ্জুর করেন। তিনি আরও বলেন, সুমনের বিরুদ্ধে অস্ত্র আইনে আরও একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে। এ দিকে ক্যাম্পাসে অস্ত্র হাতে মহড়ার সময় তার পরনে থাকা সার্ট ও প্যান্ট ক্যাম্পাস থেকে উদ্ধার করেছে পুলিশ।